

EVA-MARIA BERG



copyright: Nathalie Riera

(Deutschland)

বার্লিন

চোখের ভেতরে এখন
খুব বেশি রোদ
দেয়াল কত যে রঙিন
শিল্পকর্মের মতো
সুন্দরের এই নকশা
জেগে উঠছে
নতুন সব বাড়ির মুখে
যেন ধ্বসংস্তুপ
ভস্ম হয়নি কোনোকালে--
বরং হয়েছে ফোনিব্ল
জীবন-ঘনিষ্ঠ পাখি

অপূরণীয়া

এবং আবার সমুদ্র
মানুষের মাঝখানে সীমান্তরেখা
এবং আবার সেই সীমান্ত
কেবল ভৌগলিকভাবে পরিষ্কার
কিন্তু একাকি কোনো
হারানো স্পেস নয়
স্মৃতি টিকে আছে
সমুদ্র তো প্রায় ভুলেই গেছে
ভুলে গেছে কবে সৈকতে যেতে

কোনো কাহিনি নয়

দ্রুততর গতির ভেতর
কোনো কাহিনি
বলা হচ্ছে না ফের
কলম কথা বলছে
শেষ থেকে শুরুকে
আলাদা করার মতো
এক অসম্ভব বিষয়ে

- Berlin -

zu viel sonne
im auge scheint
die mauer nun bunt
ein relikht an schönheit
vergleichbar mit kunst
erhebt sich die front
der neuen gebäude
als sei aus den trümmern
nie asche geworden
doch phoenix ein vogel
der am leben hängt

in: menschen enge, drey-Verlag, Gutach 2009

ersatzlos

und wieder ist das meer
die grenze zwischen menschen
und wieder ist die grenze
nur geographisch da wo
aber räume fehlen allein
erinnerung lebt steht
meer vergessen nah
vergisst an land zu gehen

in: auf offener strecke, Gedichte, orte-Verlag, CH-Schwellbrunn 2016

keine geschichte

erzählen im
zeitraffer spricht
der stift von
der unmöglichkeit
anfang und ende
auseinanderzuhalten

in: la mémoire des branchies – das gedächtnis der kiemen, poèmes bilingue, Editions Érés,
Collection PO&PSY, Toulouse 2015

জার্মান কবি ইফা-মারিয়া বার্গ ১৯৪৯ সালে ডুয়েসেলডর্ফে জন্মগ্রহণ করেন। কবিতা ও শিল্প-সাহিত্যের অন্যান্য মাধ্যম নিয়ে তিনি আন্তঃসীমান্ত বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে থাকেন। তাঁর বই ইতোমধ্যে জার্মানী, ফ্রান্স এবং সুইজারল্যান্ড থেকে প্রকাশিত হয়েছে এবং ইংরেজি, ফরাসি এবং স্পেনিশ ভাষায় অনূদিত হয়েছে। এই বইগুলোর ভেতর বেশিরভাগই চারুশিল্পীদের সাথে যৌথকর্ম হিসেবে প্রকাশিত হয়েছে। তিনি *Les Carnets d' Eucharis*, *Levure Littéraire* এবং *Recours au Poème* এর সম্পাদনা পরিষদের সদস্য। জার্মান-সুইস পেন-ক্লাবের সদস্য হিসেবে তিনি সক্রিয় আছেন।

অফিসিয়াল ওয়েবসাইট: <http://www.eva-maria-berg.de>

Eva-Maria Berg, geboren 1949 in Düsseldorf, deutsche Lyrikerin, nimmt an zahlreichen poetisch/interdisziplinären grenzüberschreitenden Veranstaltungen und Aktivitäten teil. Ihre Bücher, oftmals entstanden in Zusammenarbeit mit Bildenden Künstlern, sind in Deutschland, Frankreich und der Schweiz erschienen und wurden auf Englisch, Französisch und Spanisch übersetzt. Sie ist Redaktionsmitglied von *Les Carnets d' Eucharis Levure Littéraire* and *Recours au Poème*. Sie ist Mitglied im DeutschSchweizer PEN Zentrum (DSPZ).
- Official website: <http://www.eva-maria-berg.de>

SHUHRID SHAHIDULLAH



Copyright: Peter Dietzel

(Bangladesch)

সুহৃদ শহীদুল্লাহ

কবি। অনুবাদক। লিটলম্যাগ সম্পাদক। জন্ম কুষ্টিয়ায়, বাংলাদেশে, ১৯৭৫ সালে। কবিতার বই পাঁচটি। অনুবাদে অন্যতম প্রধান কাজ রাইনার মারিয়া রিলকের "তরুণ কবির প্রতি চিঠি" আর লিন্দা মারিয়া বারোসের কবিতার বই "রেজর ব্লেডে তৈরি বাড়ি" (উলুখড়, বাংলাদেশ, ২০১৭) এবং "হাইওয়ে A4 ও অন্যান্য কবিতা"। (ভাষালিপি, ভারত, ২০১৮)। দেড়দশক ধরে "শিরদাঁড়া" সম্পাদনায় জড়িত। ফরাসি, জার্মান ও ইংরেজি ভাষায় কবিতা ও সাক্ষাৎকার অনূদিত হয়েছে। ২০১৪ ও ২০১৬ সালে প্যারিস ইঙ্গ-ফরাসি কবিতা উৎসবে কবিতা উপস্থাপনা। প্যারিস থেকে প্রকাশিত "লা ট্রাডুকটিয়ের" এর অন্যতম সহসম্পাদক।
অফিসিয়াল ওয়েবসাইট: www.shuhridshahidullah.com

Shuhrid Shahidullah, Lyriker. Übersetzer. Little Magazie Editor. Geboren 1975 in Kushtia, Bangladesch. Fünf Gedichtbände. Auch wurden von seinem Werk Gedichte und Interviews auf Französisch, Deutsch und Englisch publiziert. Herausgeber von *Shirdanra* (Backbone), einer kleine Zeitschrift, seit mehr als 15 Jahren. Seine wichtigsten Übersetzungen ins Bengalische umfassen *Briefe an einen jungen Dichter* von Rainer Maria Rilke und zwei Gedichtbände der französischen Lyrikerin Linda Maria Baros, *The House Made Razor Blades* (veröffentlicht von Ulukhar, Bangladesh 2017) und *Highway A4 and other Poems* (veröffentlicht von Bhashalipi, Indien 2018). Lesung seiner Gedichte in Paris als Teilnehmer des English-Frensh Poetry Festival 2014 und 2016. Redaktionelle Mitarbeit in *La Traductière*, einer französischen Zeitschrift für Literatur und visuelle Kunst.
- Official website: www.shuhridshahidullah.com